গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-০৪ শাখা
www.moha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৭.২৭.০০১৩.২৫-১৪৮

তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক, ভিসা সেল, বেনাপোল স্থল বন্দর, যশোর (বর্তমান কর্মস্থল: ভিসা সেল, এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট) কর্মরত থাকাকালীন অফিসে যথাসময়ে উপস্থিত হওয়ার নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি প্রতিনিয়ত বিলম্বে অফিসে উপস্থিত হন এবং প্রায়ই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অফিসে অনুপস্থিত থাকেন; এহেন কর্মকাণ্ডের জন্য ইত:পূর্বে তাকে মৌখিকভাবে সতর্ক করা সত্ত্বেও নিজ দায়িত্বে সচেতন হননি এবং অফিসে নিয়মিত উপস্থিত ছিলেন না;

০২। যেহেতু, এ বিষয়ে তাকে মৌখিকভাবে সতর্ক করা হলেও আপনার এহেন আচরণে কোন পরিবর্তন লক্ষ্য করা যায়নি এবং কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে বিভিন্ন পর্যায় হতে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অভিযোগ উত্থাপিত হওয়ার পরিপ্রেক্ষিতে শৃঙ্খলাজনিত কারণে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক তার ব্যবহৃত মোবাইল ফোনের লোকেশন সংক্রান্ত তথ্য ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (NTMC) হতে সংগ্রহ করা হয়। তার ব্যবহৃত মোবাইল ফোনের লোকেশনের প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, তার পূর্ববর্তী কর্মস্থল ভিসা সেল, বেনাপোল স্থলবন্দর, যশোরে কর্মরত থাকাকালীন ০৫-০২-২০২৪ খ্রিঃ হতে ০৮-০৪-২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ২৮২(দুইশত বিরাশি) কর্মদিবসের মধ্যে ০৪(চার) দিন কর্মস্থলে উপস্থিত ছিলেন এবং ২৭৮(দুইশত আটাত্তর) দিন কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

০৩। যেহেতু, তার মতো দায়িত্বশীল এবং গুরুত্বপূর্ণ নিযুক্তিতে নিয়োজিত কর্মকর্তা কর্তৃক কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা, বিলম্বে কর্মস্থলে উপস্থিত হওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগের মত কর্মকাণ্ড মোটেও গ্রহণযোগ্য ও কাম্য নয় বিধায় কর্তব্যের প্রতি এরূপ অবহেলা প্রদর্শন করার অভিযোগে তার বিরুদ্ধে ০৯/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো হয়। অভিযুক্ত গত ০৭.০৯.২০২৫ তারিখে লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। পরবর্তীতে গত ১৯.১১.২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

০৪। যেহেতু, ভিসাসেল বেনাপোল স্থল বন্দর, যশোরে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কোন স্থায়ী অফিস বা লজিস্টিকস সাপোর্ট না থাকা সত্ত্বেও অভিযুক্ত জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক-কে পদায়ন করা হয় এবং তিনি সেখানে যোগদান করেন ও নিয়মিত কর্মস্থলে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করেন। এছাড়া কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে ইত:পূর্বে তাকে কোনরূপ কারণ দর্শানো হয়নি। সার্বিক বিবেচনায়, তার বিরুদ্ধে আনীত অভিযোগ পর্যাপ্ত তথ্য প্রমাণাদি দ্বারা সমর্থিত নয়;

০৫। সেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক, ভিসা সেল, এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য প্রমাণাদি পর্যালোচনায় দায়েরকৃত বিভাগীয় মামলা নং ০৯/২০২৫ এর দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩।১১।২৫

নাসিমুল গনি
সিনিয়র সচিব

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর

নং-৪৪.০০.০০০০.০০০.২৩৭.২৭.০০১৩.২৫-১৪৮

তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি:জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৪। উপসচিব, বহিরাগমন-৪ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটেড পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৮। জনাব মোঃ মেহেদী হাসান, উপপরিচালক, ভিসা সেল, এমএজি ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট
৯। যুগ্মসচিব (শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

২৩-১১-২০২৫

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব